# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## যুক্তিবিদ্যা প্রথম পত্র

বিষয় কোড : | ১ | ২ | ১ |

সময়-২ ঘন্টা ৩০ মিনিট — সৃজনশীল প্রশ্ন — পূর্ণমান: ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ★ খ্রি:পূ: ৬০০-৫২৯ খ্রি → ৫২৯ খ্রি:-১৪০০ খ্রি → ১৪০১ খ্রি.-১৮৩১ খ্রি → ১৮৩১ খ্রি-চলমান

১নং — ২নং — ৩নং — ৪নং

ক. ব্যুৎপত্তিগত অর্থে যুক্তিবিদ্যা কী? ১

খ. স্বতঃসিদ্ধ নিয়ম বলতে কী বুঝায়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে ফ্লোচার্টের দ্বারা যুক্তিবিদ্যার কোন দিকটাকে তুলে ধরা হয়েছে? ২নং বক্সের মূলবিষয় ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে ১নং বক্সের একজন যুক্তিবিদের যুক্তিবিদ্যা সম্পর্কিত ধারণা বিশ্লেষণ করো। ৪

২. ▶

১নং টেবিল

| ১নং কলাম | ২নং কলাম |
|---|---|
| OR | . |
| AND | ~ |
| NOT | V |

২নং টেবিল

| ১নং কলাম | ২নং কলাম |
|---|---|
| সত্য | সুন্দর |

ক. ব্যবসায় নৈতিকতা কাকে বলে? ১

খ. 'যুক্তিবিদ্যার জ্ঞান ব্যক্তির আবেগকে সুনিয়ন্ত্রিত করে তাকে সঠিক পথে পরিচালিত করে' বলতে কী বুঝ? ২

গ. ১নং টেবিলে ১ এবং ২নং কলামের মধ্যে মিল কর এবং নতুন টেবিল অংকন করে দুটি বিষয়ের কথা বোঝানো হয়েছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. ২নং টেবিলটির ১ম ও ২য় কলামের মূল্যবোধগুলো কোন দুটি বিষয়ের মধ্যে সম্পর্ক প্রকাশ করে? তা বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

৩. আজ ফাইনাল খেলা মেয়েদের সাফ অনূর্ধ্ব ১৮ টুর্নামেন্টে। আজ হয় বাংলাদেশ নয়তো নেপাল জয়ী হবে। দ্বিতীয়বর্ষে মাসুরা পারভীন জয়সূচক গোলটি করে। কোন বাংলাদেশের মেয়েদের মুখগুলোতে ঝলমল করে ওঠে হাসি। সাব্বাস বাংলাদেশ। যদি মাসুরা গোলটি না করতো তবে বাংলাদেশ হারতো। বোঝা গেল আজ দিনটি নেপালের নয়।

ক. জাত্যর্থক পদ কাকে বলে? ১

খ. অনেকার্থক পদ বলতে কী বুঝায়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে রেখাঙ্কিত শব্দগুলোর মধ্যে শ্রেণিপার্থক্য নির্ণয় করো। ৩

ঘ. উদ্দীপকে থেকে সম্বন্ধ অনুসারে যুক্তিবাক্যের শ্রেণিবিভাগ বিশ্লেষণ করো। ৪

৪. বাসন্তী বাসে ওঠার আগে একটি কালো বিড়াল দেখেছিল। সুতরাং কালো বিড়ালই বাসন্তীর বাস দুর্ঘটনার কারণ। বাসটি কলাবাগানে পুকুরধারে পড়ে গেলে দশ জন লোক সমবেতভাবে বাসটি ঠেলে আবার রাস্তায় উঠালো। তারপর ধীরে বাসটি চলতে শুরু করলো।

Teachingbd24.com

ক. পর্যাপ্ত শর্ত কী? ১

খ. 'কারণ কার্যের সাক্ষাৎ পূর্ববর্তী ঘটনা'— বলতে কী বোঝ? ২

গ. 'কালো বিড়ালই বাসন্তীর বাস দুর্ঘটনার কারণ' কারণের গুণগত লক্ষণ অনুযায়ী উক্তিটি ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে কারণ সম্পর্কিত কোন মতবাদ প্রতিফলিত হয়েছে বিশ্লেষণ করো। ৪

৫. দৃশ্যপট-১: মানুষ → ধার্মিক মানুষ → পরোপকারী মানুষ → পিটার

দৃশ্যপট-২: মিস জ্যামিলিয়া একজন বিবেচক নারী। তিনি সর্বদা অন্যের প্রতি সহানুভূতিশীল। সমাজে ন্যায্যতার ধারক।

ক. বিধেয়ক কীসের নাম? ১

খ. ব্যক্ত্যর্থের দিক থেকে উপজাতিগুলো জাতির অন্তর্ভুক্ত - কেন? ২

গ. মিস জ্যামিলিয়ার ব্যক্তিত্বে কোন বিধেয়ক ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. দৃশ্যপট-১ এ মানুষ ও পরোপকারী মানুষের মধ্যে পারস্পরিক সম্পর্ক বিশ্লেষণ করো এবং এগুলোর সঙ্গে ধার্মিক মানুষের সম্পর্ক কী? ৪

https://teachingbd24.com

৬. ▶ ১. কিছু পাতাবাহার হয় বিলীন।
∴ কিছু পাতাবাহার নয় অ-রঙ্গিন

২. সব গ্রহ হয় সূর্যকেন্দ্রিক
বৃহস্পতি হয় গ্রহ
∴ বৃহস্পতি হয় সূর্যকেন্দ্রিক

ক. বৈকল্পিক নিরপেক্ষ সহানুমান কাকে বলে? ১
খ. চতুষ্পদী অনুপপত্তি কেন ঘটে? ব্যাখ্যা করো। ২
গ. একটি সহানুমানে দাগমুক্ত শব্দটির গুরুত্ব কী? ব্যাখ্যা করো। ৩
ঘ. ১ ও ২নং উদ্দীপকের সম্পর্ক বিশ্লেষণ করো। ৪

৭. ★ শ্যামল তার ছেলেকে বলল, সব কুকুর প্রভুভক্ত। কোন কুকুরই রাতে ঘুমায় না। তবে কিছু দারোয়ান রাতে ঘুমায়। তাই কিছু কুকুর দারোয়ান ভক্ত নয়।'

ক. অবধারণ কী? ১
খ. সব বাক্য যুক্তিবাক্য নয় কেন? ২
গ. উদ্দীপকে বাক্যগুলো কীভাবে পদের ব্যাপ্যতার নিয়ম অনুসরণ করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের আলোকে গুণ ও পরিমাণ অনুসারে যুক্তিবাক্যের শ্রেণিবিদ্যার বিশ্লেষণ করো। ৪

৮. ★ বলাকা বললো, 'কিছু কম্পিউটার হয় আপেল কোম্পানির।' তার বান্ধবী বললো, 'যদি সব কম্পিউটার আপেল কোম্পানির হতো তাহলে মজবুত হতো। কিন্তু সব কম্পিউটার আপেল কোম্পানির নয়। অতএব সব কম্পিউটার মজবুত নয়।'

ক. সংস্থান কী? ১
খ. কোন বাক্যের আবর্তন অসরল হয়, কেন? ২
গ. বলাকার উক্তিটির প্রতি আবর্তন করা যায় না কেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. বলাকার বান্ধবীর উক্তিটি কী বৈধ না অবৈধ যুক্তি? তোমার মতের সপক্ষে যুক্তি দাও। ৪

Teachingbd24.com

৯.▶ পৃথিবীর একপ্রান্তে যখন সূর্যের আলো পড়ে তখন সেখানে দিন আর একই সময় অন্যপ্রান্তে তখন রাত। এভাবে ২৪ ঘন্টায় অবিরাম চলে দিন রাতের খেলা। আর আমরা বলি সূর্য পূর্বদিকে ওঠে আর পশ্চিম দিকে অস্ত যায়।

ক. আরোহের ভিত্তি কত প্রকার? ১

খ. 'পরীক্ষণ নিরীক্ষণ নির্ভর' - বলতে কী বুঝ? ২

গ. উদ্দীপকে শেষ লাইনটিতে নিরীক্ষণ কী সঠিক রয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে আরোহের ভিত্তির কোন দিকটি প্রতিফলিত হয়েছে? বিশ্লেষণ করো। ৪

১০. ★ বাসন্তী বাসে ওঠার আগে একটি কালো বিড়াল দেখেছিল। সুতরাং কালো বিড়ালই বাসন্তীর বাস দুর্ঘটনার কারণ। বাসটি কলাবাগানে পুকুরধারে পড়ে গেলে দশজন লোক সমবেতভাবে বাসটি ঠেলে আবার রাস্তায় উঠলো। তারপর ধীরে বাসটি চলতে শুরু করলো।

ক. পর্যাপ্ত শর্ত কী? ১

খ. 'কারণ কার্যের সাক্ষাৎ পূর্ববর্তী ঘটনা' -বলতে কী বোঝ? ২


গ. উদ্দীপকে কারণসম্পর্কিত কোন মতবাদ প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'কালো বিড়ালই বাসন্তীর বাস দুর্ঘটনার কারণ' উক্তিটিতে কার্যকারণ সংক্রান্ত কোন অনুপপত্তি ঘটেছে? বিশ্লেষণ করো। ৪

১১.▶ দৃশ্যপট-১ তুমি জীবনে সাফল্য দেখতে পারবে যদি এবং কেবল যদি তুমি ইতিবাচক মনোভাব গড়ে তুলতে পার।



দৃশ্যপট-২



দৃশ্যপট-৩

ক. বৈধতা কী? ১

খ. 'সত্যতা বচন নির্ভর' -কেন? ২

গ. দৃশ্যপট-১ এর বচনটিকে প্রতীকায়িত কর এবং সত্যসারণি গঠন করে চূড়ান্ত স্তম্ভ ব্যাখ্যা করো। ৩

ঘ. দৃশ্যপট ২ ও ৩-এর মধ্যে পার্থক্য বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

# যুক্তিবিদ্যা প্রথম পত্র

বিষয় কোড | ১ | ২ | ১ |

সময় — ৩০ মিনিট　　**বহুনির্বাচনি অভীক্ষা**　　পূর্ণমান — ৩০

*[বিশেষ দ্রষ্টব্য: —সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **★ Logic শব্দটির উৎপত্তি কোন গ্রিক শব্দ থেকে?**
ⓚ Logike　ⓖ Logos
ⓖ Logica　ⓘ Logy

২. **★ যুক্তিবিদ্যার প্রাচীনযুগে কোন যুক্তিবিদ প্রতীক ব্যবহার শুরু করেন?**
ⓚ প্লেটো　ⓖ সক্রেটিস
ⓖ এরিস্টটল　ⓘ পিথাগোরাস

৩. **★ শিক্ষা শব্দ দ্বারা ব্যাপক অর্থে বোঝায়—**
ⓚ লালন-পালন করা
ⓖ জীবনব্যাপী ক্রমবিকাশ
ⓖ শিক্ষক বা শিক্ষা দান সম্পর্কে
ⓘ অন্তর্নিহিত প্রতিভার বিকাশ

৪. **'ফুটবল দল' ও 'বাংলাদেশ মেয়েদের ফুটবল দল' দুটোর মধ্যে পার্থক্য হলো—**
ⓚ অর্থপূর্ণ বিশিষ্ট পদ ও অর্থহীন বিশিষ্ট পদ
ⓖ সমষ্টিবাচক ও বিশিষ্ট সমষ্টিবাচক পদ
ⓖ বিশিষ্ট গুণবাচক ও সার্বিক গুণবাচক পদ
ⓘ বিশিষ্ট বস্তুবাচক ও সার্বিক বস্তুবাচক পদ


৫. **★ যুক্তিবিদ্যা অধ্যয়নের ফলে বিশেষভাবে আমরা যে মূল্যবোধ আয়ত্ব করতে পারি তা হলো—**
ⓚ ক্ষমা　ⓖ কল্যাণ
ⓖ সত্য　ⓘ সৌন্দর্য

৬. **★ ভারতীয় উপমহাদেশে কোন শতাব্দীতে যুক্তিবিদ্যার উৎপত্তি হয়?**
ⓚ ৫ম　ⓖ ৬ষ্ঠ
ⓖ ৭ম　ⓘ ৮ম

৭. **★ 'প্রায় সব বাঙালী মেয়ে শাড়ি পরে।' বাক্যটির যৌক্তিক রূপ হবে—**
ⓚ A　ⓖ E
ⓖ I　ⓘ O

৮. **★ 'As, Eb, In, Op' ব্যাপ্যতার নিয়মগুলো ব্যক্ত করে'– সূত্রটি কে উদ্ভাবন করেছেন?**
ⓚ সুইনবার্ন　ⓖ সুসান স্টেবিং
ⓖ ইউলার　ⓘ জনসন

**নিচের উদ্দীপকের আলোকে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও:**




দৃশ্যপট ১　　দৃশ্যপট ২

৯. **দৃশ্যপট ১ দ্বারা কোন বাক্যের ব্যাপ্যতা বোঝাচ্ছে?**
ⓚ A　ⓖ E
ⓖ I　ⓘ O

১০. **১ ও ২নং দৃশ্যপটের মধ্যে পার্থক্য হল—**
i. উভয় পদই অব্যাপ্য এবং উদ্দেশ্য অব্যাপ্য বিধেয় ব্যাপ্য
ii. উভয় পদই ব্যাপ্য এবং উভয় পদই অব্যাপ্য
iii. বিশেষ সদর্থক বাক্য ও বিশেষ নঞর্থক বাক্য
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii　ⓖ i ও iii
ⓖ ii ও iii　ⓘ i, ii ও iii

১১. **★ এরিস্টটলের মতে বিধেয় ও উদ্দেশ্য পদের মধ্যে কত ধরনের সম্বন্ধ থাকতে পারে?**
ⓚ দুই　ⓖ তিন
ⓖ চার　ⓘ পাঁচ

১২. **ব্যক্তিগত বিযোজ্য অবান্তর লক্ষণের অন্তর্ভুক্ত হচ্ছে—**
i. ব্যক্তির সখ　ii. ব্যক্তির পেশা
iii. ব্যক্তির জন্মতারিখ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii　ⓖ i ও iii
ⓖ ii ও iii　ⓘ i, ii ও iii

**নিচের উদ্দীপকের আলোকে ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও:**

**দৃশ্যপট ১ :** কোন ছবি নয় জীবন্ত মানুষ।
কোন জীবন্ত মানুষ নয় ছবি।

**দৃশ্যপট ২ :** সব ধার্মিক ব্যক্তি হয় বিনয়ী।
ডেনিস হয় ধার্মিক।
অতএব ডেনিস হয় বিনয়ী।

১৩. **দৃশ্যপট ১ : হল একটি—**
i. অমাধ্যম অনুমান
ii. সরল আবর্তন　iii. অসরল আবর্তন
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii　ⓖ i ও iii
ⓖ ii ও iii　ⓘ i, ii ও iii

১৪. **১ ও ২ নং দৃশ্যপটের মধ্যে মিল হলো—**
i. উভয়ই অবরোহ অনুমান
ii. উভয়ের সিদ্ধান্ত সার্বিক
iii. উভয়ই বৈধ যুক্তি
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii　ⓖ i ও iii
ⓖ ii ও iii　ⓘ i, ii ও iii

১৫. **কোন পদ একই সাথে সত্য না হলেও একই সাথে মিথ্যা হতে পারে?**
ⓚ বিরুদ্ধ　ⓖ বিপরীত
ⓖ অসীম　ⓘ জাত্যর্থক

https://teachingbd24.com

১৬. "নতুনত্ব ও অবিচ্ছেদ্য সমন্বয় অনুমান পদ্ধতির প্রধান বৈশিষ্ট্য।" উক্তিটি কোন যুক্তিবিদের?

ⓚ যোসেফ  ⓚ পি.কে. রায়
ⓖ ওয়েলটন  ⓖ বোসাঙ্কে

ক) যোসেফ খ) পি.কে. রায়
গ) ওয়েলটন ঘ) বোসাঙ্কে

১৭. ★ এখানে উদ্দেশ্য = T এবং বিধেয় = N হলে "কিছু T নয় N "এ যুক্তিবাক্যটির আবর্তিত প্রতিবর্তন হবে—

ক) A খ) E
গ) I ঘ) O

১৮. ★ প্রতীকী যুক্তিবিদ্যার মূলভিত্তি স্থাপন করেন কে?

ক) জর্জ বুল খ) পিয়ানো
গ) রাসেল ঘ) লাইবনিজ

১৯. ★ DIMARIS কোন সংস্থানের বৈধ মূর্তি?

ক) ১ম খ) ২য়
গ) ৩য় ঘ) ৪র্থ

নিচের উদ্দীপকের আলোকে ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও:

কোন টগর নয় অর্কিড।
সব টগর হয় ফুল।
অতএব কোন ফুল নয় অর্কিড।

২০. উদ্দীপকটি কোন সংস্থানের অন্তর্ভুক্ত?

ক) ১ম খ) ২য়
গ) ৩য় ঘ) ৪র্থ

২১. উদ্দীপকটিতে কোন অনুপপত্তি ঘটেছে?

ক) অবৈধ প্রধান পদ খ) অবৈধ অপ্রধান পদ
গ) অব্যাপ্ত মধ্য পদ ঘ) চতুষ্পদী

২২. 'শূন্য থেকে শূন্যই জন্মায়' বেইন ও উক্তি দ্বারা কোন নিয়মকে বোঝান?

ক) প্রকৃতির নিয়মানুবর্তিতার নিয়ম
খ) কার্যকারণ নিয়ম
গ) অভেদ নিয়ম ঘ) বিরোধ নিয়ম

২৩. যুক্তিবিদ মিলের মতে কারণ হল—

i. সদর্থক শর্তের সমষ্টি
ii. নঞর্থক শর্তের সমষ্টি
iii. কার্যের সমষ্টি

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকের আলোকে ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও:

দৃশ্যপট ১ : গ্রহণ, খরা, আইলা, বন্যা, প্রাকৃতিক

দৃশ্যপট ২ : কৃত্রিম, যন্ত্রপাতি, গবেষণাগার

২৪. দৃশ্যপট ১ ও দৃশ্যপট ২ এ আরোহের কোন বিষয় প্রতিফলিত হয়েছে?

i. আরোহের বস্তুগত ভিত্তি
ii. আরোহের রূপগত ভিত্তি
iii. নিরীক্ষণ ও পরীক্ষণ

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৫. দৃশ্যপট- ১ এর তুলনায় দৃশ্যপট ২ এর সুবিধা হলো—

i. নিশ্চিত সিদ্ধান্ত মেলে
ii. পরিবেশ ইচ্ছাধীন
iii. পুনরাবৃত্তি অসম্ভব

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৬. ★ অঙ্গবচন ৩টি হলে সারি সংখ্যা কয়টি হবে?

ক) ৪ খ) ৬
গ) ৮ ঘ) ১২

২৭. ব্যক্তিগত ভ্রান্ত নিরীক্ষণ কেন ঘটে?

i. ব্যক্তি না দেখার কারণে
ii. ব্যক্তি ভুল ব্যাখ্যা করার কারণে
iii. ব্যক্তি ভুল দেখার কারণে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকের আলোকে ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও:

আগামীকাল সভায় হয় সমির সেন বক্তব্য রাখবেন অথবা হানিফ ইকবাল।

২৮. উদ্দীপকটির প্রতীকী রূপ হবে—

ক) $W \vee Y$ খ) $W \equiv Y$
গ) $W \supset Y$ ঘ) $W . Y$

২৯. উদ্দীপকটিকে যে বচন প্রতিফলিত হয়েছে তার সত্য সারণির চূড়ান্ত স্তম্ভ মিথ্যা হবে—

ক) W ও Y উভয়েই সত্য হলে
খ) W সত্য ও Y মিথ্যা হলে
গ) W মিথ্যা ও Y সত্য হলে
ঘ) W ও Y উভয়েই মিথ্যা হলে

৩০. ★ সত্যতা কথাটি মূলত প্রযোজ্য হয়—

ক) যুক্তি খ) বচন
গ) অনুমান ঘ) সহানুমান

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | গ | ৩ | খ | ৪ | খ | ৫ | গ | ৬ | খ | ৭ | গ | ৮ | ক | ৯ | গ | ১০ | খ | ১১ | গ | ১২ | ক | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | খ |
| | ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | ঘ | ২০ | গ | ২১ | খ | ২২ | খ | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | গ | ২৭ | গ | ২৮ | ক | ২৯ | ঘ | ৩০ | খ |

Teachingbd24.com